

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ৬, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ, ২১ চৈত্র ১৪১৬ বঙ্গাব্দ/০৪ এপ্রিল ২০১০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১০০-আইন/২০১০/২২৮১/শুল্ক।—সরকার,—

(ক) Customs Act, 1969 (Act, IV of 1969) এর—

(অ) section 18(2), section 18(4) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে,

(আ) section 19(1) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে ও জনস্বার্থে,

(খ) Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44(4)(b), section 53(3) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে, এবং

(গ) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে,

বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স এর আওতায় বেপজা কমিশারিয়েট কর্তৃক আমদানিকৃত খাদ্যদ্রব্য, সিগারেট, লিকার এবং পানীয় দ্রব্য ২২ মার্চ, ২০০৯ খ্রিঃ বা উহার পূর্বে বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ

(১৯৭১)

মূল্য : টাকা ২.০০

অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA) কর্তৃক শিল্প স্থাপনের অনুমতিপ্রাপ্ত রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে (EPZ) স্থাপিত শিল্প প্রতিষ্ঠানসমূহের বিদেশী বিনিয়োগকারী ও উহাদের বিদেশী কর্মকর্তা বা কারিগরগণ কর্তৃক, বেপজা কমিশারিয়েট হইতে ক্রয়কালে উহার উপর প্রযোজ্য ১৫% কাস্টমস্ ডিউটির অতিরিক্ত সমুদয় কাস্টমস্ ডিউটি, রেগুলেটরী ডিউটি, যদি থাকে, মূল্য সংযোজন কর, বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে, এবং উক্ত বিদেশী কর্মকর্তা বা কারিগরগণকে অগ্রিম আয়কর হইতে, অব্যাহতি প্রদান করিল।

২। অনুচ্ছেদ ১ এ উল্লিখিত অগ্রিম আয়কর অব্যাহতির সুবিধা এই প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য কার্যকর থাকিবে।

ব্যাখ্যা।—এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, “বেপজা কমিশারিয়েট” বলিতে বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA) কর্তৃক অনুমোদিত কমিশারিয়েটকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. নাসিরউদ্দীন আহমেদ

সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd